

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

অষ্টম শ্রেণি
বাংলা (প্রথম ভাষা)

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান - ২)

- ১.১ ‘তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও’ — কার পাশে দাঁড়ানোর এই আহ্বান ?
- ১.২ ‘রমেশ আবাক হইয়া কহিল, ব্যাপার কী?’ — উত্তরে চাষিরা কী বলেছিল ?
- ১.৩ ‘একটা স্ফুলিঙ্গ - হীন ভিজে বারুদের স্তুপ।’ — কাদের দেখে একথা মনে হয় ?
- ১.৪ ‘গাছের জীবন মানুষের জীবনের ছায়ামাত্র।’ — লেখকের এমন মন্তব্যের কারণ কী ?
- ১.৫ ‘তবু নেই, সে তো নেই, নেই রে’ — কী না থাকার যন্ত্রণা পঙ্ক্তিটিতে মর্মরিত হয়ে উঠেছে ?
- ১.৬ ‘ছন্দহীন বুনো চালতার’ — ‘বুনো চালতা’কে ছন্দহীন বলা হয়েছে কেন ?

২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

(প্রতিটি প্রশ্নের মান - ৩)

- ২.১ ‘দাঁড়াও’ কবিতার ভাববস্তু আলোচনা করো।
- ২.২ ‘রমেশ বিস্ময়ে হতবুদ্ধি হইয়া গেল।’ — রমেশের বিস্ময়ের কারণ কী ?
- ২.৩ ‘আমি নেমে পড়লুম তাড়াতাড়ি।’ — কথক কোথা থেকে, কেন নেমে পড়েছিলেন ?
- ২.৪ জীবনের ধর্ম ‘গাছের কথা’ রচনায় কীভাবে ব্যুক্ত হয়েছে ?
- ২.৫ ‘কী করে বুঝব, আসলে কী করতে হবে ?’ — উদ্ধৃতিটির আলোকে ‘বুকু’ চরিত্রটির অসহায়তার স্বরূপ উদ্ঘাটন করো।
- ২.৬ ‘আজ সকালে মনে পড়ল একটি গল্প’ — গল্পটি বিবৃত করো।

৩. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

- ৩.১ নির্দেশক বা বিবৃতিমূলক বাক্যের একটি উদাহরণ দাও।

১

- ৩.২ শূন্যস্থান পূরণ করো :

$1 \times 8 = 8$

তাবেগসূচক বাক্য	
আনন্দ	
বিস্ময়	
উচ্ছ্বাস	
ঘৃণা	

- ৩.৩ উদাহরণ দাও :

$1 \times 5 = 5$

ক্রিয়াবাচক বিশেষ্য	
সাপেক্ষবাচক সর্বনাম	
সর্বনামের বিশেষণ	
আলংকারিক অব্যয়	
অসমাপ্তিকা ক্রিয়া	

- ৩.৪ ‘কাঁচা’ ও ‘বসা’ শব্দদুটিকে পাঁচটি ভিন্ন অর্থে ব্যবহার করে বাক্য রচনা করো।

$5 + 5$

৪. বন্যার প্রকোপে গ্রামের বহু কৃষিজমি নদীর গ্রামে হারিয়ে যাচ্ছে — নদীর পাড়গুলির স্থায়ী রক্ষণাবেক্ষণ প্রয়োজন। এ বিষয়ে সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি চিঠি লেখো।

৫

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।